**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/2/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো স্থানীয় COVID -19 পরিকল্পনা ও প্রতিক্রিয়ায় সমর্থন করতে ফেডারেল ফান্ডে 4.3 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা করেন

***COVID-19 পরিকল্পনা এবং অপারেশনাল প্রস্তুতিতে সমর্থন করার জন্য কাউন্টি ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি এবং নিউ ইয়র্ক সিটির জন্য তহবিল উপলভ্য করা হচ্ছে***

***তহবিল বরাদ্দ জনসংখ্যা ভিত্তিক সূত্র থেকে প্রাপ্ত***

***আবেদনের শেষ তারিখ 16 জুলাই, 2020***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে COVID-19 পরিকল্পনা এবং অপারেশনাল প্রস্তুতির সমর্থনে কাউন্টি ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি এবং নিউ ইয়র্ক সিটির জন্য 4.3 মিলিয়ন মার্কিন ডলার কেন্দ্রীয় তহবিল উপলভ্য করা হচ্ছে। এই অনুদানের সুযোগ নিউ ইয়র্কের মতো কাউন্টিগুলোতে এবং বিশ্বের অন্যান্য কাউন্টিগুলোতে চলমান COVID-19 মহামারির বিরুদ্ধে লড়াই চালিয়ে যাওয়ার জন্য একটি অতিরিক্ত স্তরের প্রত্যক্ষ সহায়তা সরবরাহ করবে। উপযুক্ত প্রাপকরা মহামারি চলাকালীন ইতোমধ্যে বহন করা বিভিন্ন জরুরি ব্যবস্থাপনা-সম্পর্কিত খরচ, সেই সাথে স্থানীয় প্রতিরোধ এবং কার্যকরী প্রচেষ্টার সাথে সংশ্লিষ্ট খরচ করার জন্য এই তহবিল ব্যবহার করতে পারবেন।

"যখন COVID-19 মহামারি সারা বিশ্বের মানুষের স্বাস্থ্য এবং নিরাপত্তার জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে, তখন নিউ ইয়র্ক এই সংকটে কার্যকরভাবে সাড়া দিচ্ছে এবং সংক্রমণের মাত্রা নিয়ন্ত্রণের মডেল হয়ে উঠেছে, যদিও এটি স্টেট এবং স্থানীয় সরকারের আর্থিক ক্ষতি রয়ে করছে," **গভর্নর কুওমো বলেন।** "যদিও এই তহবিল স্থানীয় সরকারকে অত্যন্ত প্রয়োজনীয় ত্রাণ সরবরাহের প্রথম পদক্ষেপ, এই পরিস্থিতি এখনও শেষ হয়নি এবং আমি লড়াই চালিয়ে যাব যাতে ফেডারেল সরকার প্রথম দিন থেকে সামনের সারিতে থাকা ব্যক্তিদের সত্যিকারের আর্থিক সহায়তা প্রদান করে।"

ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) এর ইমার্জেন্সি ম্যানেজমেন্ট পারফরম্যান্স গ্রান্ট প্রোগ্রামের অংশ হিসেবে, এই COVID-19 সম্পূরক COVID-19 সম্পর্কিত পরিকল্পনা, প্রশিক্ষণ, ভ্রমণ, পরামর্শদাতা বা ঠিকাদারদের কাছ থেকে সহায়তা, সরঞ্জাম ক্রয়, এবং ফ্যাসিলিটি নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ সম্পর্কিত ব্যয়গুলি কভার করার

জন্য তহবিল প্রদান করবে। তহবিল বরাদ্দ জনসংখ্যা ভিত্তিক সূত্র থেকে প্রাপ্ত এবং প্রতি প্রাপকের কাছ থেকে একটি 1:1 খরচ সমন্বয় প্রয়োজন।

প্রতিটি উপযুক্ত অধিক্ষেত্রের জন্য তহবিল প্রাপ্যতা নিম্নরূপ:

| **অধিক্ষেত্র** | **উপলভ্য তহবিল** |
|---|---|
| New York City | $1,787,193 |
| Albany County | $66,503 |
| Allegany County | $10,700 |
| Broome County | $43,854 |
| Cattaraugus County | $17,558 |
| Cayuga County | $17,495 |
| Chautauqua County | $29,492 |
| Chemung County | $19,419 |
| Chenango County | $11,035 |
| Clinton County | $17,954 |
| Columbia County | $13,794 |
| Cortland County | $10,786 |
| Delaware County | $10,489 |
| Dutchess County | $65,035 |
| Erie County | $200,914 |
| Essex County | $10,000 |
| Franklin County | $11,280 |
| Fulton County | $12,140 |
| Genesee County | $13,134 |
| Greene County | $10,760 |
| Hamilton County | $10,000 |
| Herkimer County | $14,105 |
| Jefferson County | $25,409 |
| Lewis County | $10,000 |
| Livingston County | $14,296 |
| Madison County | $16,055 |
| Monroe County | $162,724 |
| Montgomery County | $10,979 |
| Nassau County | $292,840 |
| Niagara County | $47,323 |

| | |
|---|---|
| Oneida County | $51,347 |
| Onondaga County | $102,098 |
| Ontario County | $23,595 |
| Orange County | $81,502 |
| Orleans County | $10,000 |
| Oswego County | $26,695 |
| Otsego County | $13,611 |
| Putnam County | $21,798 |
| Rensselaer County | $34,853 |
| Rockland County | $68,139 |
| St. Lawrence County | $24,472 |
| Saratoga County | $48,009 |
| Schenectady County | $33,825 |
| Schoharie County | $10,000 |
| Schuyler County | $10,000 |
| Seneca County | $10,000 |
| Steuben County | $21,641 |
| Suffolk County | $326,466 |
| Sullivan County | $16,953 |
| Tioga County | $11,177 |
| Tompkins County | $22,203 |
| Ulster County | $39,895 |
| Warren County | $14,364 |
| Washington County | $13,820 |
| Wayne County | $20,500 |
| Westchester County | $207,489 |
| Wyoming County | $10,000 |
| Yates County | $10,000 |

হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিস (Homeland Security and Emergency Services) এর নিউ ইয়র্ক স্টেট বিভাগ FEMA এর পক্ষে এই তহবিল পরিচালনা করবে। হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড এমার্জেন্সি সার্ভিস বিভাগ (Division of Homeland Security and Emergency Services) কেবলমাত্র সমস্ত নির্দেশিকা এবং আবেদনের নথি হাতে রয়েছে তা নিশ্চিত করতে নয় বরং আবেদন প্রক্রিয়াটিতে সহায়তা এবং প্রয়োজনে অতিরিক্ত তথ্য সরবরাহের জন্য প্রতিটি অধিক্ষেত্রের জরুরি ব্যবস্থাপনার অফিসের সাথে সরাসরি যোগাযোগ করবে।

**নিউ ইয়র্ক স্টেট স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগের কমিশনার প্যাট্রিক এ. মার্ফি বলেছেন,** "COVID-19 মহামারি চলাকালীন, স্টেট জুড়ে প্রথম সাড়া প্রদানকারী এবং জরুরি ব্যবস্থাপনা বিশেষজ্ঞরা তাদের কমিউনিটিকে সুরক্ষিত রাখতে নিরলস পরিশ্রম করেছেন। বেশ কয়েকটি ক্ষেত্রে পরিস্থিতির উন্নতি সত্ত্বেও, আমাদের সম্মিলিতভাবে সজাগ থাকতে হবে কারণ জনস্বাস্থ্যের এই সত্যিকারের হুমকি এখনও রয়েছে। এই তহবিল আমাদের স্থানীয় অংশীদারদের শুধুমাত্র চলমান অপারেশনকে সমর্থন করার জন্য নয়, বরং ভবিষ্যতের পরিকল্পনা এবং প্রশিক্ষণ দেওয়ার জন্য প্রয়োজনীয় সংস্থান সরবরাহ করে এই প্রচেষ্টায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।"

অনুপযুক্ত খরচের মধ্যে রয়েছে:

- COVID-19 পরিকল্পনা, প্রতিরোধ বা প্রতিক্রিয়ার সাথে সম্পর্কিত নয় এমন কিছু;
- এই জরুরি ব্যবস্থাপনা পারফরম্যান্স গ্রান্ট COVID-19 সম্পূরকটির সমাপ্তি ও বাস্তবায়নের সাথে সম্পর্কিত নয় এমন কার্যক্রম ও প্রকল্প;
- ঐতিহ্যবাহী জননিরাপত্তা দায়িত্ব পালনের উদ্দেশ্যে শপথ গ্রহণ কারী জননিরাপত্তা কর্মকর্তা নিয়োগের জন্য খরচ; বা
- FEMA এর পাবলিক অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম বা অন্য কো FEMA এর ফেডারেল প্রোগ্রাম থেকে ইতোমধ্যে অর্থ প্রদান করা হয়েছে।

এই অনুদানের পারফরম্যান্সের সময়কাল 27 জানুয়ারি, 2020 থেকে 31 জুলাই 2021 পর্যন্ত। **আবেদনকারীকে 16 জুলাই, 2020 তারিখে বিকেল 5:00 টার মধ্যে**Grant.Info@dhses.ny.gov এর অ্যাপ্লিকেশন ওয়ার্কশিটে ইমেইল করে DHSES-এ তহবিলের জন্য আবেদনপত্র জমা দিতে হবে।

## স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ সম্পর্কে

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ সন্ত্রাসবাদ ও অন্যান্য মানবসৃষ্ট ও প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, আগুন এবং অন্যান্য জরুরী পরিস্থিতি প্রতিরোধ, তার থেকে সুরক্ষা, তার জন্য প্রস্তুতি, তাতে সাড়া দেয়া এবং পুনরুদ্ধারের প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য, ফেসবুক পেইজ পরিদর্শন করুন, টুইটারে @NYSDHSES অনুসরণ করুন, অথবা dhses.ny.gov পরিদর্শন করুন।

###